

ইডেন কলেজ বন্ধ ঘোষণা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ইডেন কলেজের স্টাফ কাউন্সিলের এক সভায় শিক্ষকদের সাথে কতিপয় ছাত্রীর অসৌজন্যমূলক আচরণের প্রতিবাদে এবং কলেজের শিক্ষার পরিবেশ বিঘ্নিত হওয়ায় কলেজ অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কলেজের আবাসিক ছাত্রীদের ৩ দিনের মধ্যে ছাত্রীনিবাস ত্যাগ করার নির্দেশ দেয়া হয়। তবে কলেজের স্নাতক ও (৯-এর পাতায় দেখুন)

ইডেন কলেজ বন্ধ

(১ম পাতার পর)

স্নাতকোত্তর পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হবে এবং পরীক্ষার্থী ছাত্রীরা এই নির্দেশের আওতার বাইরে থাকবেন।

গতকাল দুপুরে কলেজের উপাধ্যক্ষ রাবিয়া খানমের সভাপতিত্বে অনুষ্ঠিত স্টাফ কাউন্সিলের উক্ত বৈঠক অনুষ্ঠিত হয়।

এর আগে গত শনিবার একদল ছাত্রী কলেজের প্রধান গেটে তালা লাগিয়ে দেয়। ফলে ছাত্রী ও শিক্ষকরা কলেজে ঢুকতে না পারায় সেদিনের নির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

ছাত্রীদের এই দলটি কলেজের অধ্যক্ষের অপসারণের দাবীতে বেশ কিছুদিন ধরে আন্দোলন করে আসছে। তবে কলেজের সর্বদলীয় ছাত্র ঐক্য এবং শিক্ষকরা এই আন্দোলনের বিরোধিতা করছেন।